



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

নথি নং -বিঅ-৬/৫৬০৮/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.২৮৩০

তারিখ: ০৭-০২-২০২১

বিষয়: অভিযোগ তদন্ত প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ৩০-০৯-২০২০ তারিখের আবেদন (আইডি- (২৪৪০)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলাধীন রায়পুর বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক জনাব মোঃ সাহারেফ হোসেন বিদ্যালয়ের জুনিয়র শিক্ষক জনাব মোঃ আনোয়ার হোসেন এর বিরুদ্ধে অনিয়মতান্ত্রিকভাবে প্রধান শিক্ষক অবসর গ্রহণের পর দায়িত্ব গ্রহণসহ কমিটির নির্দেশনা না মেনে দায়িত্বপ্রাপ্ত প্রধান শিক্ষকসহ অন্যান্যদের স্বাভাবিক কাজকর্ম সম্পাদনে বিঘ্ন ঘটানো বলে অভিযোগ করেছেন। উল্লেখ্য, বর্তমানে বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি হাইকোর্টের স্থগিতাদেশের কারণে কার্যক্রম স্থগিত রয়েছে। জনাব মোঃ আনোয়ার হোসেনের অসহযোগিতামূলক কর্মকাণ্ডে বিদ্যালয়ের সামগ্রিক কাজের গতিশীলতা নষ্ট হচ্ছে। এমতাবস্থায় জনাব মোঃ আনোয়ার হোসেন কিভাবে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব পালন করে আসছিলেন সে বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন অতিসত্ত্বর নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে আপনাকে অনুরোধ করা হলো।

০৭-০২-২০২১

(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

০৪২১-৬৮৬৩৪

উপজেলা নির্বাহী অফিসার  
জীবননগর, চুয়াডাঙ্গা।

নথি নং-বিঅ-৬/৫৬০৮/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.২৮৩০ (৪)

তারিখ: ০৭-০২-২০২১

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জেলা শিক্ষা অফিসার, চুয়াডাঙ্গা।
- ২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জীবননগর, চুয়াডাঙ্গা।
- ৩। ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক, রায়পুর বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়, রায়পুর, জীবননগর, চুয়াডাঙ্গা।
- ৪। অফিস নথি।

০৭-০২-২০২১

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

প্রধান শিক্ষকের কার্যালয়

# রায়পুর বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়

বিদ্যালয় সূচক- ৬২০৪০৪১৩০৩, বোর্ড কোড নং ৫৬০৮, EIIN-115441

ডাকঘর : রায়পুর, উপজেলা : জীবননগর, জেলা : চুয়াডাঙ্গা।

সূত্র : ৫৫/৩/২০২০

তারিখ : ১০/৩/২০২০

বরাবর,  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড  
যশোর।

বিষয়: রায়পুর বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক (কৃষি) মো: আনোয়ার হোসেন এর বিরুদ্ধে অভিযোগ দায়ের প্রসঙ্গে।

জনাব,

যথাবিহিত সম্মান পূর্বক প্রার্থনা এই যে, রায়পুর বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়ে ১৯/০৬/২০১৪ইং তারিখের পর থেকে কোন কমিটি না থাকায় ০২/০৬/২০১৬ইং তারিখে প্রধান শিক্ষক মো: আ: হান্নান শাহ অবসর গ্রহণ করলে ৬ জন সিনিয়র শিক্ষক থাকা সত্ত্বেও সরকারী বিধি অমান্য করে শিক্ষকদের ভয়ভিত্তি দেখিয়ে জনাব আনোয়ার হোসেন ভার প্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব গ্রহণ করে নানা অনিয়মে জড়িয়ে পড়ে। গত ১৮/০৫/২০২০ইং তারিখে নিয়মিত ম্যানেজিং কমিটি বোর্ড কর্তৃক অনুমোদন হরে গত ৩০/০৫/২০২০ইং তারিখে ১ম সভা অনুষ্ঠিত হয় এবং গত ১৮/০৬/২০২০ইং তারিখে ২য় সভার সিদ্ধান্ত অনুযায়ী বিধি মোতাবেক আমাকে ভার প্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব অর্পণ করে নিয়োগ পত্র প্রদান করেন এবং সেই মোতাবেক ভার প্রাপ্ত প্রধান শিক্ষক হিসাবে যোগদান করে কার্যক্রম পরিচালনা করে আসছি। বর্তমানে মহামান্য হাই কোর্টের নির্দেশে ম্যানেজিং কমিটির কার্যক্রম স্থগিত আছে কিন্তু বিদ্যালয়ের অভ্যন্তরীণ কাজ করতে গেলে জনাব আনোয়ার হোসেন সবার জুনিয়র শিক্ষক যার ভার প্রাপ্ত প্রধান শিক্ষকের বৈধ কোন কাগজ পত্র নাই সে বিভিন্ন ভাবে হুমকি ধামকি দিয়ে বাধা সৃষ্টি করছে। বিধায় বিদ্যালয়ের অষ্টম ও নবম শ্রেণীর রেজি: উপবৃত্তির কার্যক্রম প্রায় বন্ধের পথে।

অতএব, বিষয়টি তদন্ত পূর্বক যাহাতে আমি বিদ্যালয়ের অভ্যন্তরীণ সকল কার্যক্রম পরিচালনা করতে পারি তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে আপনার মর্জি হয়।

  
১০/৩/২০২০

বিনীত নিবেদক

মোঃ সাহায়েক হোসেন  
প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)  
রায়পুর বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়  
জীবননগর, চুয়াডাঙ্গা।